# মালেকা একাডেমি

## গোপালগঞ্জ

### তৃতীয় শ্রেণির করোন(কোভিড-19) বন্ধ চলাকালীন পড়াশুনা প্রস্তুতি

স্থাপিত ঃ২০০৬খ্রিঃ



মালেকা একাডেমি
গোপালগঞ্জ
শ্রেণিঃ ৩য়
বিষয়ঃ বাংলা

১। মনেকর তুমি সুমন / সুমি। তুমি খুলনা জেলা স্কুলের ৩য় শ্রেণির একজন নিয়মিত ছাত্র। এখন বিনা বেতনে পড়ার সুযোগ চেয়ে প্রধান শিক্ষকের নিকট একটি আবেদন পত্র লিখ।

তারিখঃ ০৬/০৪/২০২০
বরাবর
প্রধান শিক্ষক
খুলনা জেলা স্কুল, খুলনা।

বিষয়ঃ বিনা বেতনে পড়ার জন্য আবেদন।
জনাব,
বিনীত নিবেদন এই যে, আমি আপনার বিদ্যালয়ের তৃতীয় শ্রেণির একজন নিয়মিত ছাত্র। গত বার্ষিক পরীক্ষায় আমি প্রথম স্থান অধিকার করে তৃতীয় শ্রেণিতে উত্তীর্ণ হয়েছি।কিন্তু অত্যন্ত দুঃখের বিষয় এই যে, আমার বাবা একজন স্বল্প বেতনের চাকরিজীবী এবং আমার পরিবারের সদস্য সংখ্যা আট জন। আমি ছাড়াও আমার আরো তিন ভাই বোন বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে পড়ালেখা করে।তাই আমার বাবার সামান্য আয় দিয়ে আমাদের পরিবারের সকল ব্যয় বহন করে আমার লেখাপড়ার খরচ বহন করা তার পক্ষে কষ্টকর।

এতএব, জনাবের নিকট আকুল আবেদন এই যে, আমার উপরের বিষয় বিবেচনা করে আমাকে বিনা বেতনে অধ্যয়নের সুযোগ দানে জনাবের একান্ত মর্জি হয়।

বিনীত নিবেদক
আপনার অনুগত ছাত্র
সুমন/ সুমি
শ্রেণিঃ ৩য়
রোলঃ ০১

২। মনেকর তুমি সোহেল । তুমি ঢাকা জেলা স্কুলের ৩য় শ্রেণির একজন নিয়মিত ছাত্র। এখন তুমি তোমার বড় বোনের বিবাহ উপলক্ষে তিন দিনের ছুটি চেয়ে প্রধান শিক্ষকের নিকট একটি আবেদন পত্র লিখ।

তারিখঃ ০৬/০৪/২০২০
বরাবর
প্রধান শিক্ষক
ঢাকা জেলা স্কুল, ঢাকা।

বিষয়ঃ তিন দিনের ছুটির জন্য আবেদন।
জনাব,
বিনীত নিবেদন এই যে, আমি আপনার বিদ্যালয়ের তৃতীয় শ্রেণির একজন নিয়মিত ছাত্র। আগামি ০৮ এপ্রিল ২০২০ ইং তারিখে আমার বড় বোনের শুভ বিবাহ অনুষ্ঠিত হবে। তাই আমার ০৭/০৪/২০২০ ইং থেকে ০৯/০৪/২০২০ ইং তারিখ পর্যন্ত তিন দিনের ছুটির প্রয়োজন।

এতএব, জনাবের নিকট আকুল আবেদন এই যে, আমার উপরের বিষয় বিবেচনা করে আমাকে তিন দিনের ছুটি দানে জনাবের একান্ত মর্জি হয়।

বিনীত নিবেদক
আপনার অনুগত ছাত্র
সোহেল
শ্রেণিঃ ৩য়
রোলঃ ০১

৩। মনেকর তুমি সাথী/ সৈকত । তোমার বাবা ঢাকায় থাকেন। এখন তুমি তোমার নতুন শ্রেণির বই কেনার জন্য টাকা চেয়ে তোমার বাবার নিকট একটি পত্র লিখ।

তারিখঃ ০৬/০৪/২০২০
শ্রদ্ধেয় বাবা,
পত্রের শুরুতে আমার সালাম নিবেন। আশা করি ভালো আছেন। আমরা ও বাড়ির সবাই আলøাহর রহমতে ভালো আছি।
আপনি জেনে খুশি হবেন যে, আমার বার্ষিক পরীক্ষার ফলাফল প্রকাশ হয়েছে এবং প্রথম স্থান অধিকার করেছি। এখন আমার নতুন শ্রেণির নতুন বই কেনার জন্য ৩০০০ টাকার প্রয়োজন। আমি আশা করি আপনি যথা সময়ে টাকা পাঠিয়ে দিবেন।

বিশেষ আর কিছু লিখে আপনার মূল্যবান সময় নষ্ট করতে চাই না। ভালো থাকবেন।

ইতি
আপনার স্নেহের সন্তান
সৈকত / সাথী
শ্রেণিঃ ৩য়
রোলঃ ০১

| | |
|---|---|
| প্রেরক,<br>সৈকত/ সাথী<br>১০২/১, মোহাম্মদপাড়া<br>গোপালগঞ্জ। | প্রাপক, (ডাক টিকিট)<br>মাসুদ হোসেন<br>২৯/৩, মিরপুর ১১<br>ঢাকা। |

## ফরম পূরণ

৪। ।মনেকর তুমি মালেকা একাডেমির তৃতীয় শ্রেণির একজন নিয়মিত ছাত্র। তোমার নাম অয়ন/ অনিমা। তোমার রোল নং ০১। তোমার পিতার নাম মোঃ হায়দার আলি এবং মাতার নাম ফাতেমা বেগম। তুমি তোমার বিদ্যালয়ের পাঠাগার থেকে বই নিতে চাও। এখন প্রয়োজনীয় তথ্য দ্বারা নিচের ফরমটি পূরণ কর।

মালেকা একাডেমি, গোপালগঞ্জ

তারিখঃ ০৬/০৪/২০২০ নং- ১১৮/২০২০

১. শিক্ষার্থীর নাম ঃ অয়ন/ অনিমা
২. পিতার নাম ঃ মোঃ হায়দার আলি
৩. মাতার নাম ঃ ফাতেমা বেগম
৪. রোল নং ঃ ০১
৫. শ্রেণি ঃ তৃতীয়
৬. মোবাইল নং ঃ ০১৭৩৪ - ৩০৬৯৮০
৭. বইয়ের নাম ঃ কাজী নজরুল ইসলামের রচনা সমগ্র

অয়ন/ অনিমা
শিক্ষার্থীর স্বাক্ষর

পাঠ্য বই থেকে অনুচ্ছেদ (একাই একটি দুর্গ)

১৬ ই এপ্রিল ১৯৭১।
মোস্তফা কামাল খবর পেলেন পাকিস্তানি বাহিনী কুমিলøার আখাউড়া রেললাইন ধরে এগিয়ে আসছে। চাইছে ব্রাহ্মণবাড়িয়া দখল করতে।
১৭ ই এপ্রিল ১৯৭১।
ভোর থেকেই পাকিস্তানি বাহিনী মুক্তিযোদ্ধাদের উপর গোলাবর্ষণ শুরু করল। মোস্তফা কামাল ভাবতে লাগলেন। এত কম শক্তি নিয়ে ওদের মোকাবেলা করা যাবে না। খবর পাঠালেন জরুরি সেনা সহায়তার জন্য। কিন্তু বাড়তি সেনা

এলোনা। এমনকি দুদিন ধরে নিয়মিত খাবার ও বন্ধ। চিন্তায় অস্থির হয়ে উঠলেন তিনি । সকলে মিলে আত্মরক্ষা করলেন পরিখার মধ্যে।

দুপুরের দিকে বাড়তি কয়েক জন সেনা দরুইনে এসে পৌঁছাল। সেই সঙ্গে খাবার ও এলো। পাকিস্তানি ঘাঁটি থেকে গোলাবর্ষণ ও হলো বন্ধ।

১। শব্দার্থ লেখ ঃ ৫টি

বাহিনী, মোকাবেলা, জরুরি পরিখা, আত্মরক্ষা, সহায়তা, অস্থির

বাহিনী- সৈনদল

মোকাবেলা- সামনাসামনি বোঝাপড়া

জরুরি- অত্যন্ত দরকারি

পরিখা- শত্রুর আক্রমন থেকে রক্ষার জন্য মাটির নিচে তৈরি গর্ত

আত্মরক্ষা- নিজেকে নিরাপদে রাখা

সহায়তা- সাহায্য

অস্থির- চঞ্চল

২। প্রশ্নঃ

ক) ১৯৭১ সালের ১৬ই এপ্রিল মোস্তফা কামাল কী খবর পেলেন?

উত্তরঃ ১৯৭১ সালের ১৬ই এপ্রিল মোস্তফা কামাল খবর পেলেন পাকিস্তানি বাহিনী কুমিলøার আখাউড়া রেললাইন ধরে এগিয়ে আসছে। চাইছে ব্রাহ্মণবাড়িয়া দখল করতে।

খ) মোস্তফা কামাল কেন অস্থির হয়ে উঠলেন? ৪টি বাক্যে লেখ।

উত্তরঃ মোস্তফা কামাল অস্থির হয়ে উঠলেন কারণ

i) তাঁদের সৈন্য সংখ্যা ছিল অনেক কম।
ii) পাকিস্তানি বাহিনীরা তাদের উপর গোলাবর্ষণ শুরু করল।
iii) মুক্তিযোদ্ধাদের কাছে কোনো খাবার ছিল না।
iv) তাঁদের কাছে অস্ত্র ও গোলা কম ছিল।

গ) তুমি কীভাবে স্বাধীনতা দিবস পালন কর ৪টি বাক্যে লেখ?

উত্তরঃ আমি যেভাবে স্বাধীনতা দিবস পালন করি তা নিচে লেখা হলো:

i) বিভিন্ন প্রতিযোগিতা মূলক অনুষ্ঠানে অংশ গ্রহণ করি।
ii) শহিদদের উদ্দেশ্যে শ্রদ্ধা নিবেদন করি।
iii) শহিদদের স্মরণে আলোচনা সভায় অংশ গ্রহণ করি।
iv) মুক্তিযোদ্ধাদের অনুষ্ঠানে আমন্ত্রণ জানাই।

<u>পাঠ্য বহির্ভূত অনুচ্ছেদ</u>

একদা এক বনে তিনটি ষাঁড় বাস বরত। তিনটির মধ্যে খুবই ভাব ছিল। তারা সকল সময় এক সঙ্গে থাকতো। এক সঙ্গে মাঠে চরে বেড়াতো, গল্প করতো, সুখ-দুঃখে সমব্যথী ও হতো। সেই বনে এক সিংহ ও বাস করতো। সিংহটির ইচ্ছে হলো ওদের মেরে মাংস খায়। কিন্তু সে সুযোগ পাচ্ছিলনা। তাই তার ইচ্ছা ও পূরণ হচ্ছিল না। কারণ ওই তিনটি ষাঁড় এতই বলবান ছিল যে তারা একসঙ্গে থাকলে সিংহ ওদের সঙ্গে পেরে উঠবে না। সিংহ তখন মনে মনে ভাবলো যদি ওদের আলাদা আলাদা মাঠে চরার ব্যবস্থা করা যায়, তাহলে আমি একবার সুযোগ নিতে পারি। এই ভেবে সিংহটি বেশ কায়দা করে ওদের মধ্যে এমন ঝগড়া বাধিয়ে দিলো যে তাদের পরস্পরের মুখ দেখাদেখি পর্যন্ত বন্ধ হয়ে গেল। ফলে তারা দূরে আলাদা আলাদা মাঠে চরতে শুরু করলো। এতোদিনে অপেক্ষা করার পর এবার সিংহের সুযোগ এসে গেল। সে তখন ওদের একে একে মেরে সাধ মিটিয়ে মাংস খেল। বন্ধুদের মধ্যে বিরোধ বা অনৈক্যের কারণে একে একে সবাই ধ্বংস হয়ে গেল আর দুষ্টু সিংহ তার মনের ইচ্ছে পূরণ করলো। ৩। নিচে কয়েকটি শব্দ ও শব্দার্থ দেওয়া হলো। নিচের বাক্যগুলোর শূন্যস্থানে উপযুক্ত শব্দটি বসিয়ে উত্তরপত্রে লেখঃ

| শব্দ | শব্দার্থ |
|---|---|
| ভাব | প্রীতি |
| ধ্বংস | বিনাশ |
| কায়দা | কৌশল |
| অনৈক্য | বিভেদ |
| বলবান | তেজি |
| অপেক্ষা | প্রতীক্ষা করা |
| সাধ | ইচ্ছা |

ক) পাখির মত আকাশে উড়তে আমার ..................... জাগে।
খ) শিক্ষিত লোকের অভাবে একটি জাতি......................হয়ে যেতে পারে।
গ) পরিবারে সবার মধ্যে .........................থাকা উচিত।
ঘ) সিংহটি...................... করে ষাঁড়গুলোকে মেরে ফেলল।
ঙ) সময় এবং স্রোত কারও জন্য .................. করে না।

৪। প্রশ্নঃ
ক) ষাঁড় গুলোর মধ্যে বিরোধ সৃষ্টির জন্য সিংহ কী করল? ৫টি বাক্যে লেখ।

খ) প্রদত্ত অনুচ্ছেদটির শিক্ষণীয় বিষয়টি কী? সিংহ কেন সুযোগ পেল? চারটি বাক্যে লেখ।

গ) পরিবারের সবাইকে তুমি কীভাবে কাজে সাহায্য করবে ৫টি বাক্যে লেখ।

রচনা

স্বাধীনতা দিবস

ভূমিকা ঃ স্বাধীনতা প্রত্যেক জাতির কাছেই মূল্যবান। অনেক রক্তের বিনিময়ে অর্জিত হয়েছে আমাদের স্বাধীনতা। ২ মার্চ আমাদের স্বাধীনতা দিবস।

পটভূমি ঃ আমরা এক সময় পাকিস্তান রাষ্ট্রের অধীনে ছিলাম। পশ্চিম পাকিস্তানি শাসকরা আমাদের স্বাধীনতার অধিকার দিতে চাইতো না। তারা আমাদের অধিকার না দিয়ে বরং জুলুম- নির্যাতন করত। তাই বাংলাদেশের মানুষ বঙ্গবন্ধুর আহবানে শুরু করে মুক্তিযুদ্ধ। দীর্ঘ ৯ মাস পর ৩০ লক্ষ শহিদের রক্তের বিনিময়ে আমরা পেয়েছি আমাদের প্রিয় স্বাধীনতা।

স্বাধীনতার সুফল ঃ স্বাধীনতা লাভের ফলে আমরা একটি নতুন দেশ পেয়েছি। দেশের মানুষ এখন বিশ্বের বুকে মাথা উঁচু করে দাঁড়াতে পারে। আমরা এখন স্বাধীন ভাবে কাজ করতে পারি।

উদযাপন ঃ প্রতি বছর ২৬ শে মার্চ যথাযোগ্য মর্যাদার সাথে দেশের মানুষ বিভিন্ন অনুষ্ঠানের মাধ্যমে এই দিনটি উদযাপন করে।

উপসংহার ঃ আমাদের স্বাধীনতা অনেক দামি। অনেক রক্তের বিনিময়ে আমরা স্বাধীনতা পেয়েছি। আমরা এই স্বাধীনতার সম্মান রক্ষা করে চলব।

# Maleka Academy

Gopalganj

class: Three

Subject : English

Unseen passage-2

5.Fill in the blanks with the words.

three, four, after, student, wakes, begins, before

a) Smith is a --------.

b) He eats---------things for his breakfast.

c) His school-----------at 8:00 a.m.

d) He takes breakfast------bath.

e) He------up at 6:00 a.m.

6. Write True or False.

a) Smith is American.

b) He goes to a high school.

c) He leaves for school at 7:30 a.m.

d) He sits to read after bath.

e) After getting up, he washes himself.

7. Answer the question.

a) What is the nationality of Smith?

b) When does he get up?

c) What does he do after washing himself?

d) What is Smith?

e) What does he take for breakfast?

Answer:

5. a ) student, b) three, c) begins, d) after, e) wakes

6. a ) False, b) False, c) True, d) False, e) True

7. a ) The nationality of Smith is British.

b) He gets up at 6:00 a.m.

c) After washing himself, he sits to read.

d) Smith is a student.

e) He takes bread, butter, and eggs for breakfast.

8. Suppose, you are Ali and your friend is Omar . Now, write a letter to him about your morning activities.

25, Bankpara,
Gopalganj

27th March, 2020

Dear Omar,

Take my love. How are you? I hope you are well. I am also well. I got your letter yesterday. In your letter you wanted to know about my morning activities. Now, I am writing about it.

I get up at 6:00 a.m. After washing myself, I sit to read. I read till 7:00 a.m. Then, I take bath. After that I take breakfast. I start for school at 7:30 a.m.

No more today, write to me soon.

Your loving friend,

Ali

| | |
|---|---|
| From<br>Ali<br>25, Bankpara<br>Gopalganj | To<br>Omar<br>22, High School Road<br>Faridpur |

Unseen passage –3

5. Fill in the blanks with the words.

1610, ancient, polluted, capital, small, large

- Dhaka is an----------- city.
- Its population is ---------.
- Its weather is very ---------.
- It was founded as capital in ----------.
- Dhaka is the ----------of Bangladesh.

6. Write True or False.

a) Dhaka is a new city.

b) The Buriganga River is beside the city.

c) It is a large populous city.

d) It was established as capital in 1610.

e) It is a very good place to live.

7. Answer the questions.

a) What is the capital of Bangladesh?

b) Who founded Dhaka as capital.

c) How many people live here?

d) How is its weather?

e) Which river is beside the city?

Answers:

- Dhaka is the capital of Bangladesh?
- Emperor Jahangir founded Dhaka as capital.
- About one crore people live here.
- Its weather is very polutted.
- The Buriganga River is beside the city.

8. Suppose, you are Fahim and your friend is Rifat. Now, write a letter to him abuot the Dhaka city.

25, Bank Para ,
Gopalganj

29th March, 2020

Dear Rifat,

Take my love. How are you? I hope you are .I am also well. I got your letter yesterday. In your letter you wanted to know about the Dhaka city. Now, I am writing about it.

Dhaka is an old city. Emperor Jahangir founded the city as capital in 1610. It is very populous. About one crore people live here. It stands on the bank of thje Buriganga River. The weather of the city is very polluted. It becomes uninhabitable.

No more today, write to me soon.

Your loving friend ,

Fahim

| From | To |
|---|---|
| Fahim | Rifat |
| 25, Bankpara | 22, High School Road |
| Gopalganj | Faridpur |

মালেকা একাডেমি
গোপালগঞ্জ
শ্রেণিঃ তৃতীয়
বিষয়ঃ গণিত

- **ছোট অংকঃ (৪র্থ অধ্যায়) - গুণ সংক্রান্ত**

১। গুণ্য , গুণক ও গুণফলের মধ্যে সম্পর্ক কী?

উত্তরঃ গুণ্য × গুণক = গুণফল ।

২। গুণ্য কাকে বলে?

উত্তরঃ যে সংখ্যাকে গুণ করা হয় তাকে গুণ্য বলে ।

৩। গুণক কাকে বলে?

উত্তরঃ গুণ্যকে যে সংখ্যা দ্বারা গুণ করা হয় তাকে গুণক বলে ।

৪। গুণফল কাকে বলে?

উত্তরঃ গুণ্যকে গুণক দ্বারা গুণ করলে যে ফল পাওয়া যায় তাকে গুণফল বলে ।

৫। গুণ্য নির্ণয়ের সূত্রটি কী?

উত্তরঃ গুণ্য = গুণফল ÷ গুণক ।

৬। গুণক = কী ?

উত্তরঃ গুণক = গুণফল ÷ গুণ্য ।

৭। গুণ্য × গুণক = কী?

উত্তরঃ গুণফল ।

৮। কোন সংখ্যাকে ০ দ্বারা গুণ করলে গুণফল কত হবে?

উত্তরঃ ০ (শূন্য) ।

৯। গুণ্য ও গুণকের স্থান পরিবর্তন করে গুণ করলে কী হয়?

উত্তরঃ গুণফল একই থাকে ।

১০। তিন অঙ্কবিশিষ্ট গুণক দ্বারা কয় ধাপে গুণ করতে হবে?

উত্তরঃ তিন ধাপে ।

১১। গুণের বিপরীত প্রক্রিয়া কী?

উত্তরঃ ভাগ ।

- **নামতা লিখঃ ২০ এর ঘর পর্যন্ত।**

**(১ম সাময়িক শেষ - ৬০ পৃষ্ঠা)**

## সৃজনশীল অংক

## বিষয়ঃ গণিত

- **৩য় অধ্যায়ঃ (বিয়োগ সংক্রান্ত) - পৃষ্ঠা - ৪৩**

**১। সুমন ১২৫০ টাকা নিয়ে বাজারে গেল। সে চাল কিনল ৬০০ টাকার, ডাল কিনল ১২০ টাকার এবং তেল কিনল ১৩০ টাকার ।**

ক. ডালের চেয়ে তেলের খরচ কত বেশি ?

খ. চালের চেয়ে ডালের খরচ কত কত?

গ. সে মোট কত টাকা খরচ করল?

ঘ. তার কাছে আর কত টাকা আছে?

সমাধানঃ

| | |
|---|---|
| তেলের খরচ | ১৩০ টাকা |
| ডালের খরচ | (-)১২০ টাকা |
| ডালের চেয়ে তেলের খরচ বেশি = | ১০ টাকা |

খ. চালের চেয়ে ডালের খরচ কত কত?

সমাধানঃ

| | |
|---|---|
| চালের খরচ | ৬০০ টাকা |
| ডালের খরচ | (-)১২০ টাকা |

চালের চেয়ে ডালের খরচ কম= ৪৮০ টাকা

গ. সে মোট কত টাকা খরচ করল?

সমাধানঃ

| | | |
|---|---|---|
| চালের খরচ | | ৬০০ টাকা |
| ডালের খরচ | | ১২০ টাকা |
| তেলের খরচ | | ১৩০ টাকা |
| মোট খরচ | = | ৮৫০ টাকা |

ঘ. তার কাছে আর কত টাকা আছে ?

সমাধানঃ

| | | |
|---|---|---|
| সুমন বাজারে নিয়ে গেল | | ১২৫০ টাকা |
| মোট খরচ করল | (-) | ৮৫০ টাকা |
| সুমনের কাছে রইল | = | ৪০০ টাকা |

**২ ।একটি ক্রিকেট খেলায় সুজন ১২০ রান,সুমন ৮৫ রান ও সুজয় ৬৭ রান করল ।**

ক. সুজনের চেয়ে সুমনের রান কত কম?

সমাধানঃ

| | | |
|---|---|---|
| সুজনের রান | | ১২০ |
| সুমনের রান | (-) | ৮৫ |
| সুমনের রান কম | = | ৩৫ |

খ. সুমন ও সুজয় মোট কত রান করল?

সমাধানঃ

| | | |
|---|---|---|
| সুমনের রান | | ৮৫ |
| সুজয়ের রান | (+) | ৬৭ |
| সুমন ও সুজয়ের মোট রান | = | ১৫২ |

মালেকা একাডেমি

গ. সুমন ও সুজয়ের মোট রানের চেয়ে সুজনের রান কত কম?

সমাধানঃ

| | | |
|---|---|---|
| সুমন ও সুজয়ের মোট রান | | ১৫২ |
| সুজনের রান | | ১২০ |
| সুজনের রান কম | = | ৩২ |

ঘ. তাদের তিনজনের মোট রান কত?

সমাধানঃ

| | | |
|---|---|---|
| সুজনের রান | | ১২০ |
| সুমনের রান | | ৮৫ |
| সুজয়ের রান | (+) | ৬৭ |
| মোট রান | = | ২৭২ |

**৩। দুইটি সংখ্যার বিয়োগফল ৯৩০ । ছোটসংখ্যাটি ১৫৫৫ ।**

ক. বড় সংখ্যাটি কত?

সমাধানঃ

| | | |
|---|---|---|
| ছোট সংখ্যাটি | | ১৫৫৫ |
| সংখ্যা দুটির বিয়োগফল | (+) | ৯৩০ |
| বড় সংখ্যাটি | = | ২৪৮৫ |

খ. সংখ্যা দুইটির সমষ্টি কত?

সমাধানঃ

| | | |
|---|---|---|
| বড় সংখ্যাটি | | ২৪৮৫ |
| ছোট সংখ্যাটি | (+) | ১৫৫৫ |
| সংখ্যা দুটির সমষ্টি | = | ৪০৪০ |

গ. বিয়োগফল ৯৪৫ হলে বড় সংখ্যাটি কত?

সমাধানঃ

| | | |
|---|---|---|
| ছোট সংখ্যাটি | | ১৫৫৫ |
| বিয়োগফল | (+) | ৯৪৫ |
| বড় সংখ্যাটি | = | ২৫০০ |

**৪ । অজয় বাবুর মাসিক আয় ৪২৫০ টাকা এবং মাসিক জমা ৮৯০ টাকা ।**

ক. তার মাসিক ব্যয় কত?

সমাধানঃ

| | | |
|---|---|---|
| মাসিক আয় | | ৪২৫০ টাকা |
| মাসিক জমা | (-) | ৮৯০ টাকা |
| মাসিক ব্যয় | = | ৩৩৬০ টাকা |

খ. মাসিক জমা থেকে ব্যয় কত টাকা বেশি ?

সমাধানঃ

| | | |
|---|---|---|
| মাসিক ব্যয় | | ৩৩৬০ টাকা |
| মাসিক জমা | (-) | ৮৯০ টাকা |
| ব্যয় বেশি | | ২৪৭০ টাকা |

গ. তার মাসিক আয় বেড়ে ৫০০০ টাকা হলে , মাসিক জমা কত টাকা হবে ?

সমাধানঃ

| | | |
|---|---|---|
| মাসিক আয় | | ৫০০০ টাকা |
| মাসিক ব্যয় | (-) | ৩৩৬০ টাকা |
| মাসিক জমা | = | ১৬৪০ টাকা |

**৫. একটি বিদ্যালয়ে ১৫৮৯ জন ছাত্র-ছাত্রী আছে। ছাত্রীর সংখ্যা ৯৩৫ ।**

ক. বিয়োজ্য কাকে বলে ?

সমাধানঃ বিয়োজনকে যে সংখ্যা দ্বারা বিয়োগ করা হয় তাকে বিয়োজ্য বলে।

খ. ঐ বিদ্যালয়ে ছাত্র কত জন আছে ?

সমাধানঃ

| | | |
|---|---|---|
| ছাত্র-ছাত্রী | | ১৫৮৯ জন |
| ছাত্রী | (-) | ৯৩৫ জন |
| ছাত্র সংখ্যা | = | ৬৫৪ জন |

গ. ঐ বিদ্যালয় থেকে ৫৭ জন ছাত্রী চলে গেলে ছাত্রী কতজন হবে?

সমাধানঃ

| | | |
|---|---|---|
| বর্তমান ছাত্রী | | ৯৩৫ জন |
| ছাত্রী চলে যাবে | (-) | ৫৭ জন |
| ছাত্রী সংখ্যা | = | ৮৭৮ জন |

- অধ্যায়ঃ ৪ (গুণ সংক্রান্ত) ঃ পৃষ্ঠা- ৬০

**৬। রেজা বাজারে গিয়ে ৫ হালি ডিম কিনল । প্রতিটি ডিমের দাম ৮ টাকা ।**

ক. এক হালি ডিমের দাম কত?

সমাধানঃ

আমরা জানি, ১ হালি = ৪ টি

১টি ডিমের দাম ৮ টাকা

৪টি ডিমের দাম (৮×৪) টাকা

= ৩২ টাকা

খ. ৫ হালি সমান কয়টি ?

সমাধানঃ

১ হালি = ৪ টি

৫ হালি = (৪×৫) টি

= ২০ টি

গ. ৫ হালি ডিমের দাম কত?

সমাধানঃ “ক” হতে পাই,

- হালি ডিমের দাম ৩২ টাকা

৫ হালি ডিমের দাম (৩২×৫) টাকা

= ১৬০ টাকা

৫ হালি ডিমের দাম ১৬০ টাকা

**৭। একটি কলমের দাম ১০ টাকা এবং একটি খাতার দাম ২৮ টাকা ।**

ক. গুনফল কাকে বলে ?

সমাধানঃ গুণ্যকে, গুণক দ্বারা গুণ করলে যে ফল পাওয়া যায় তাকে গুণফল বলে।

খ. ১০টি কলমের দাম কত ?

সমাধানঃ

১টি কলমের দাম ১০ টাকা

১০ টি কলমের দাম (১০×১০) টাকা

= ১০০ টাকা

গ. ২ ডজন কলমের দাম কত?

সমাধানঃ

- ডজন = ১২টি
- ডজন = (১২×২) টি

= ২৪ টি

১ টি কলমের দাম ১০ টাকা

২৪ টি কলমের দাম (১০×২৪) টাকা

= ২৪০ টাকা

ঘ. ৯ ডজন খাতা দাম কত?

সমাধানঃ

- ডজন = ১২টি

৯ ডজন = (১২×৯) টি

= ১০৮ টি

১ টি খাতার দাম ২৮ টাকা

১০৮ টি খাতার দাম (২৮×১০৮) টাকা

= ৩০২৪ টাকা

উত্তরঃ ৩০২৪ টাকা

**৮। তমা প্রতিদিন ৩ ঘন্টা করে বই পড়ে ।**

ক. তমা প্রতিদিন কত মিনিট বই পড়ে ?

সমাধানঃ ১ ঘন্টা = ৬০ মিনিট

- ঘন্টা = (৬০×৩) মিনিট

= ১৮০ মিনিট

খ. সে একসপ্তাহে কত মিনিট বই পড়ে ?

সমাধানঃ "ক" হতে পাই ,

তমা, ১ দিনে বই পড়ে ১৮০ মিনিট

১ সপ্তাহ বা ৭ দিনে বই পড়ে (১৮০×৭) মিনিট

= ১২৬০ মিনিট

গ. তমা এক সপ্তাহে কত সেকেন্ড বই পড়ে ?

সমাধানঃ ১ মিনিট = ৬০ সেকেন্ড

১২৬০ মিনিট = (৬০×১২৬০) সেকেন্ড

= ৭৫৬০০ সেকেন্ড

তমা ১ সপ্তাহে ৭৫৬০০ সেকেন্ড বই পড়ে ।

**(১ম সাময়িক শেষ)**

**৪৮ পৃষ্ঠা**

১টি আনারসের দাম ২০ টাকা

৪ টি আনারসের দাম (২০ × ৪ ) টাকা

= ৮০ টাকা

উত্তরঃ ৮০ টাকা ।

**৪৯ পৃষ্ঠা -পাঠ্য বই**

- প্যাকেট বিস্কুটের দাম ২৩ টাকা

৩ প্যাকেট বিস্কুটের দাম (২৩ × ৩) টাকা

= ৬৯ টাকা

উত্তরঃ ৬৯ টাকা ।

৪। সমাধানঃ

১ গুচ্ছে থাকে ৬ টি ফুল

৮ গুচ্ছে থাকে (৬ × ৮ ) টি ফুল

= ৪৮ টি ফুল ।

উত্তরঃ ৪৮ টি ফুল ।

৫। সমাধানঃ

১ সপ্তাহে = ৭ দিন

১ দিনে বই পড়ে ৪ ঘণ্টা

৭ দিনে বই পড়ে (৪ × ৭) ঘণ্টা

= ২৮ ঘণ্টা

উত্তরঃ ২৮ ঘণ্টা ।

৬। সমাধানঃ

১ দিস্তায় কাগজ থাকে ২৪ তা

১২ দিস্তায় কাগজ থাকে (২৪ × ১২) তা

= ২৮৮ তা

উত্তরঃ ২৮৮ তা ।

৭। সমাধানঃ

১ সারিতে আছে ২৪টি গাছ

১৫ সারিতে আছে (২৪ ×১৫) টি গাছ

= ৩৬০ টি গাছ

উত্তরঃ ৩৬০ টি গাছ ।

১২। সমাধানঃ

১ টি ইলিশ মাছের দাম ৩৫০ টাকা

২০ টি ইলিশ মাছের দাম (৩৫০ × ২০) টাকা

= ৭০০০ টাকা

উত্তরঃ ৭০০০ টাকা ।

৮। সমাধানঃ

১ ঘন্টায় যায় ৪৫ কিলোমিটার

৮ ঘন্টায় যায় (৪৫ × ৮) কিলোমিটার

= ৩৬০ কিলোমিটার

উত্তরঃ ৩৬০ কিলোমিটার ।

৯। ১ টাকায় হয় ১০০ পয়সা

১০ টাকায় হয় (১০০ × ১০) পয়সা

= ১০০০ পয়সা

উত্তরঃ ১০০০ পয়সা ।

**৫৫ পৃষ্ঠা - পাঠ্য বই**

১ টি পেনসিলের দাম ২১ টাকা

১৩ টি পেন্সিলের দাম (২১ × ১৩) টাকা

= ২৭৩ টাকা

উত্তরঃ ২৭৩ টাকা ।

**৬০ পৃষ্ঠা (৩ দাগ)**

১ হালিতে ৪টি

৫ হালিতে (৪ × ৫)টি

= ২০ টি

উত্তরঃ ২০ টি ।

মালেকা একাডেমি
গোপালগঞ্জ
শ্রেণিঃ তৃতীয়
বিষয়ঃ সমাজ

## তৃতীয় অধ্যায়

সংক্ষিপ্ত প্রশ্নঃ

প্রশ্নঃ আমরা কীভাবে আমাদের অধিকারগুলো ভোগ করতে পারব?

উত্তরঃ আমাদের প্রত্যেককেই পরিবারের প্রতি এবং সমাজের প্রতি আমাদের দায়িত্বগুলো ভালোভাবে পালন করতে হবে। তবেই আমরা আমাদের অধিকারগুলো ভোগ করতে পারব।

## ৪র্থ অধ্যায়

বড় প্রশ্নঃ

১। কৃষক কাকে বলে? একজন কৃষক কী কী কাজ করেন তা ৪টি বাক্যে লেখ।

উত্তরঃ যারা কৃষি কাজ করেন তাদের কৃষক বলে।

একজন কৃষক বিভিন্ন কাজ করেন। একজন কৃষকের কাজ ৪টি বাক্যে নিচে লেখা হলোঃ

(১) কৃষক ধান, পাট, গমসহ নানা রকম শাকসবজি জমিতে চাষ করেন।
(২) মাটি খনন এর কাজ করেন।
(৩) জমিতে সার কীটনাশক এবং সেচ দেন এবং জমির আগাছা পরিষ্কার করেন।
(৪) জমিতে উৎপাদিত বিভিন্ন ফসল বাজারে বিক্রয় করেন।

প্রশ্নঃ২। পেশা কী? একজন জেলের কাজ ৪টি বাক্যে লেখা।

উত্তরঃ মানুষ যে কাজের মাধ্যমে অর্থ উপার্জন করে তাকে পেশা বলে।

একজন জেলের কাজ ৪টি বাক্যে নিচে লিখা হলোঃ

(১) জেলে খাল-বিল, হাওড়-বাঁওড়,নদী ও সাগরে জাল দিয়ে মাছ ধরেন।
(২) তিনি মাছ বাজারে বিক্রি করে অর্থ উপার্জন করেন।
(৩) তাঁরা পুকুর ও বিভিন্ন জলাশয়ে মাছ চাষ করেন।

(৪) জেলে মাছের যোগান দিয়ে আমাদের আমিষের চাহিদ পূরণ করেন।

## অধ্যায়-৬

**প্রশ্নঃ১** বাড়ির কাজ করতে কেন তুমি তোমার পরিবারকে সাহায্য কর?

**উত্তরঃ** আমার পরিবারের উন্নতি এবং একটি সুখি পরিবার গড়ে তোলার জন্য আমি বাড়ির কাজ করতে আমার পরিবারকে সাহায্য করি।

প্রশ্নঃ ২। আমাদের বাড়িঘর কেন পরিষ্কার-পরিচ্ছন্ন রাখা প্রয়োজন তা ৫টি বাক্যে লেখা।

উত্তরঃ আমাদের বাড়ি-ঘর কেন পরিষ্কার পরিচ্ছন্ন রাখা প্রয়োজন তা ৫টি বাক্যে নিচে লেখা হলোঃ

(১) পরিষ্কার - পরিচ্ছন্ন না থাকলে নানা রোগজীবাণু ছড়ায়।
(২) মশা-মাছি বংশ বিস্তার করে।
(৩) বিভিন্ন ধরনের অসুখ বা রোগ হয়।
(৪) মন ভালো থাকে না।
(৫) অপরিচ্ছন্ন পরিবেশে কাজ করতে মন বসে না।

## ৫ম অধ্যায়

**বড় প্রশ্নঃ ১ ।মানুষের কোন গুণগুলো তাকে ভালো কাজ করতে সাহায্য করে?**

উত্তরঃ মানুষের নৈতিক গুণগুলো তাকে ভালো কাজ করতে সাহায্য করে। উক্তগুণগুলো নিচে লিখা হলোঃ

(১) সদা সত্য কথা বলা।
(২) সবার সাথে ভালো ব্যবহার করা।
(৩) কারও ক্ষতি না করা।
(৪) নিয়ম মেনে চলা।
(৫) কাউকে কথা দিলে তা রাখা।
(৬) ছোটদের স্নেহ ও বড়দের সম্মান করা ইত্যাদি।

২। প্রশ্নঃ তোমার কোন ভালো কাজের জন্য তুমি পরিচিত হতে চাও?

উত্তরঃ আমি সত্য কথা বলা বা সত্যবাদী হিসেবে পরিচিত হতে চাই। কারণ, সত্য মানুষকে সকল খারাপ কাজ থেকে দূরে রাখে। আর যারা সত্য কথা বলে তাদের সবাই পছন্দ করে ও বিশ্বাস করে।

মালেকা একাডেমি

গোপালগঞ্জ

**শ্রেণি ঃ তৃতীয়**

**বিষয়ঃ ইসলাম ও নৈতিক শিক্ষা (২য় অধ্যায়)**

- **ছোট প্রশ্ন (উত্তরসহ)ঃ**

১ । ইবাদত কাকে বলে?

উত্তরঃ আলাহ তায়ালা ও রাসুল (স) এর কথামত কাজ করাকে ইবাদত বলে।

২ । ইসলামের ভিত্তি কয়টি ও কী কী?

উত্তরঃ ইসলামের ভিত্তি পাঁচটি । যথাঃ ১। ইমান ২। সালাত ৩। যাকাত ৪। সাওম ৫। হজ ।

৩। প্রধান ইবাদত কয়টি ও কী কী?

উত্তরঃ প্রধান ইবাদত চারটি। যথাঃ ১। সালাত ২। যাকাত ৩। সাওম ৪। হজ

৪। পাকসাফ থাকলে কী উপকার হয় ?

উত্তরঃ যারা পাকসাফ থাকে আলাহ তায়ালা তাদের ভালোবাসেন। সবাই তাদের ভালোবাসে। অনেক অসুখ-বিসুখ থেকে রক্ষা পায় ।

৫। পাক-পবিত্রতা কাকে বলে ?

উত্তরঃ পেশাব-পায়খানা, ময়লা-আবর্জনা ইত্যাদি নাপাক জনিস হতে পাকসাফ থাকাকেই পাক-পবিত্রতা বলে ।

৬। ওযু সম্পর্কে মহানবি (স) কী বলেছেন?

উত্তরঃ মহানবি (স) বলেছেন, "পাক-পবিত্র থাকা ইমানের অংশ" ।

৭। ওযুর ফরজ কাকে বলে?

উত্তরঃ ওযুতে চারটি খুবই গুরুত্বপূর্ণ কাজ আছে। এগুলো কোনো একটি বাদ গেলে ওযু হয় না । এগুলোকে ওযুর ফরজ বলে। ফরজ অর্থ অবশ্য পালনীয় ।

৮। সালাত কত ওয়াক্ত ও কী কী?

উত্তরঃ সালাত পাঁচ ওয়াক্ত। যথাঃ ১। ফজর ২। যোহর ৩। আসর ৪। মাগরিব ৫। ইশা ।

৯। সালাত সম্পর্কে আলাহ তায়ালা কী বলেছেন ?

উত্তরঃ সালাত সম্পর্কে আলাহ তায়ালা বলেছেন, "সঠিক সময়ে সালাত আদায় করা মুমিনদের জন্য ফরজ" ।

১০। ফজর ওয়াক্ত কখন শুরু হয় ও শেষ হয় ?

উত্তরঃ রাত শেষে পূর্ব আকাশে আলো দেখা দিলে ফজর শুরু হয় । সূর্য ওঠার পুর্ব মুহূর্তে তা শেষ হয় ।

১১। যোহর ওয়াক্ত কখন শুরু হয় ও শেষ হয় ?

উত্তরঃ দুপুরে সূর্য পশ্চিমে ঢলে পড়লে যোহর ওয়াক্ত শুরু হয় । আর কোনো কাঠির ছায়া কাঠির মূল ছায়া থেকে দ্বিগুন হলে ওয়াক্ত শেষ হয় ।

১২। আসর ওয়াক্ত কখন শুরু ও শেষ হয় ?

উত্তরঃ যোহর শেষ হওয়ার সাথে সাথে আসর শুরু হয় । সূর্য অস্ত যাওয়ার পূর্বে তা শেষ হয় ।

১৩। মাগরিব ওয়াক্ত কখন শুরু ও শেষ হয় ?

উত্তরঃ সূর্য ডোবার পর মাগরিব শুরু হয় । পশ্চিম আকাশের লাল আভা মুছে যাওয়ার সাথে সাথে তা শেষ হয় ।

১৪। ইশা ওয়াক্ত কখন শুরু ও শেষ হয় ?

উত্তরঃ মাগরিব শেষ হওয়ার পর ইশা শুরু হয় । ফজরের পূর্ব পর্যন্ত ইশার সালাতের সময় থাকে। তবে মধ্যরাতের পূর্বে ইশার সালাত আদায় করা ভালো ।

১৫। সালাত আদায় সম্পর্কে মহানবি (স) কী বলেছেন?

উত্তরঃ সালাত আদায় সম্পর্কে মহানবি (স) বলেছেন, "তোমরা আমাকে যেভাবে সালাত আদায় করতে দেখেছো, সেভাবেই সালাত আদায় করো" ।

১৬। তাকবিরে তাহরিমা কাকে বলে?

উত্তরঃ সালাতের শুরুতে আল্লাহ আকবর বলাকে তাকবিরে তাহরিমা বলে। তাকবিরে তাহরিমা বলা ফরজ ।

১৭। শেষ বৈঠক কাকে বলে ?

উত্তরঃ সালাতের শেষ রাকাআতের সিজদাহর পর বসা ফরজ । একে শেষ বৈঠক বলে।

১৮। রুকুর তাসবিহ কী?

উত্তরঃ রুকুর তাসবিহ হলো-সুবহানা রাব্বিয়াল আযীম ।

১৯। সিজদাহর তসবিহ কী?

উত্তরঃ সিজদাহর তসবিহ হলো-সুবহানা রাব্বিয়াল আ'লা।

২০। শেষ বৈঠকে কী কী পড়তে হয় ?

উত্তরঃ শেষ বৈঠকে আত্তাহিয়্যাতু, দরুদ ও দোয়া মাসুরা পড়তে হয় ।

২১। সালাতের শেষ কাজ কোনটি?

উত্তরঃ সালাম হলো সালাতের আদায়ের শেষ কাজ ।

২২। রুকু থেকে উঠার সময় কী বলতে হয় ?

উত্তরঃ রূকু থেকে উঠার সময় "সামিআল্লাহু লিমান হামিদা" বলতে বলতে সোজা হয়ে দাঁড়াতে হয় ।

২৩। পাক-পবিত্র থাকা সম্পর্কে মহানবি (স) কী বলেছেন?

উত্তরঃ পাক-পবিত্র থাকা সম্পর্কে মহানবি (স) বলেছেন, "পাক-পবিত্র থাকা ইমানের অর্ধেক অংশ" ।

- **বড় প্রশ্ন (উত্তরসহ)ঃ**

**১। ইবাদত কাকে বলে? উদাহরণসহ লিখ ।**

উত্তরঃ ইবাদত অর্থ গোলামি করা, আমল করা, কাজ করা। আলাহ তায়ালা ও রাসুল (স) এর কথামত কাজ করাকে ইবাদত বলে। এমন কি লেখাপড়া, খাওয়াপড়া, চলাফেরা, ঘুমানো সবই ইবাদত ।

প্রধান ইবাদত হলো ৪ টি। যথাঃ ১। সালাত ২। যাকাত ৩। সাওম ৪। হজ । এছাড়াও ইবাদত আছে। যেমনঃ সালাম দেওয়া, আব্বা-আম্মার কথামত চলা, জীবে দয়া করা, রোগীর সেবা করা, সত্য কথা বলা, ইয়াতীম মিসকিনকে সাহায্য করা ইত্যাদি ।

**২। পাক-সাফ থাকলে কী উপকার হয় ?**

উত্তরঃ পেশাব-পায়খানা, ময়লা-আবর্জনা ইত্যাদি নাপাক জিনিস হতে পরিষ্কার-পরিচ্ছন্ন থাকাকেই পাকসাফ বলে । সকল মানুষেরই পাকসাফ থাকা দরকার । শরীর ও কাপড় - চোপড় পাকসাফ থাকলে মন ভালো থাকে । নানারকম অসুখ বিসুখ হতে রক্ষা পাওয়া যায় । যারা পাকসাফ থাকে আলাহ তায়ালা তাদের ভালোবাসেন । সবাই তাদের ভালোবাসেন । আমাদের শরীর ও কাপড়-চোপড় নাপাক হলে পানি দিয়ে ধুয়ে পাকসাফ করবো ।

**৩। হাত পা পরিষ্কার রাখার উপকারিতা কী ?**

উত্তরঃ মানুষের হাত-পা ও শরীর রোগজীবানুর আশ্রয়স্থল । তাই আমাদের হাত পা পরিষ্কার রাখতে হবে । হাত-পায়ের নখ বড় হলে কেটে ফেলতে হবে । তাহলে নখে ময়লা জমতে পারবে না । ফলে পেটের অসুখসহ নানারকম অসুখ থেকে রক্ষা পাওয়া যাবে । হাত-পা এবং শরীর পরিষ্কার রাখলে দুর্গন্ধ বের হয় না। সবাই তাকে ভালোবাসে। আলাহও তাকে ভালোবাসে। তাই আমরা নিয়মিত নখ কাটবো । হাত-পা পরিষ্কার রাখব ।

**৪। চোখ পরিষ্কার রাখার উপায় কী ?**

উত্তরঃ আমাদের চোখ দুটি মহান আলাহর বড় দান । এই চোখ দিয়ে আমরা পৃথিবীর সব কিছু দেখি । কুরআন মজিদ তিলাওয়াত করি । এজন্য আমরা চোখের যত্ন নিব । চোখে কখনো হাত লাগাবো না । কেননা হাতে ময়লা, রোগ-জীবাণু থাকতেই পারে । এতে চোখের ক্ষতি হতে পারে। ঘুম থেকে উঠে পানি দিয়ে চোখ ধুতে হবে । চোখের পিঁচুটি ভালোভাবে পরিষ্কার করতে হবে । সবুজ শাকসবজি বেশি বেশি খেতে হবে । সারাদিন ধুলাবালি চোখে এসে পড়ে । নিয়মিত ওযু করলে চোখ পরিষ্কার থাকে ।

**৫। ওযুর নিয়ম লিখ ।**

উত্তরঃ সব কাজেরই নিয়ম আছে তেমনি ওযু করারও নিয়ম আছে । আমাদেরকে নিয়ম মেনে ওযু করতে হবে । ওযুতে পরপর কতকগুলো কাজ করতে হয় । যেমনঃ

১। নিয়ত করা ।

২। বিসমিল্লাহ বলে ওযু শুরু করা ।
৩। কবজি পর্যন্ত দুই হাত তিনবার ধোয়া ।
৪। তিনবার কুলি করা ।
৫। দাঁত মাজা অথবা আঙুল দিয়ে দাঁত পরিষ্কার করা ।
৬। পানি দিয়ে তিনবার নাকসাফ করা ।
৭। সমস্ত মুখ তিনবার ধোয়া ।
৮। কনুইসহ প্রথমে ডান পরে বাম হাত তিনবার ধোয়া ।
৯। মাথা, কান ও ঘাড় একবার মাসহ করা ।
১০। গিরাসহ প্রথমে ডান ও পরে বাম পা তিনবার ধোয়া ।
১১। ওযু শেষ হবার পর কালেমা শাহাদত পড়া ।

**৬। ওযুর ফরজ কী ? উহা কয়টি ও কী কী ?**

ওযুতে চারটি খুবই গুরুত্বপূর্ণ কাজ আছে । এগুলোর কোনো একটি বাদ গেলে ওযু হয় না । এগুলোকে ওযুর ফরজ বলে । ফরজ অর্থ অবশ্য পালনীয় ।
ওযুর ফরজ চারটি । যথাঃ
১। সমস্ত মুখমন্ডল একবার ধোয়া ।
২। কনুইসহ দুইহাত একবার ধোয়া ।
৩। মাথার চারভাগের একভাগ একবার মাসহ করা ।
৪। গিরাসহ দুইপা একবারই ধোয়া ।

**৭। দিনে রাতে কয়বার সালাত আদায় করতে হয় ? ওয়াক্তগুলোর নাম লেখ ।**

উত্তরঃ আল্লাহতায়ালার ইবাদতের মধ্যে সর্বপ্রধান ইবাদত হলো সালাত । দিনে-রাতে পাঁচবার সালাত আদায় করতে হয় । পাঁচওয়াক্ত সালাত হলো ঃ
১। ফজর ২। যোহর ৩। আসর ৪। মাগরিব ৫। ইশা ।

**৮। কীভাবে তাহরিমা বাঁধতে হয় ?**

উত্তরঃ ছেলেরা দুহাত কান বরাবর উঠাবে । আর মেয়েরা কাঁধ বরাবর উঠাবে এবং ছেলেরা নাভি বরাবর আর মেয়েরা বুকের উপর হাত বেঁধে দাঁড়াবে । হাত বাঁধার নিয়ম হলো, ছেলেরা বাম হাতের তালু নাভি বরাবর রাখবে । ডান হাতের তালু

বাম হাতের পিঠের উপর রেখে তাহরিমা বাঁধবে । আর মেয়েরা বুকের উপর বাঁধবে। সালাতের শুরুতে আল্লাহু আকবর বলাকে তাকবিরে তাহরিমা বলে ।

**৯। রুকু কীভাবে করতে হয় ?**

উত্তরঃ সালাতের শুরুতে সূরা ফাতিহা ও অন্য একটি সূরা বা আয়াত পড়া হয় । এরপর মাথা ঝুঁকাতে হয় । দুই হাত দুই হাঁটুর উপর রাখতে হয় । মাথা, পিঠ ও কোমর এক বরাবর রাখতে হয় । কনুই পাঁজর থেকে ফাঁক করে রাখতে হয় । রুকু থেকে সামিআলাহু লিমান হামিদা বলে ভালোভাবে সোজা হয়ে দাঁড়াতে হয় । এরপর সিজদা করতে হয় । রূকুতে তসবিহ পাঠ করতে হয় । রূকুর তসবিহ হলো- "সুবহানা রাব্বিয়াল আযীম" ।

**১০। সিজদাহ করার নিয়ম লিখ ।**

উত্তরঃ রূকু করার পর আলাহু আকবর বলতে বলতে সিজদাহতে যেতে হবে। সিজদাহতে আগে দুই হাঁটু জায়নামাজে রেখে তারপর দুই হাত রাখতে হয় । দুই হাতের মাঝে নাক ও কপাল রাখতে হবে । সিজদাহতে তাসবিহ পড়তে হয় । সিজদাহর তাসবিহ হলো ঃ "সুবহানা রাব্বিয়াল আ"লা " ।

**১১। সালাতের নৈতিক উপকার কী ?**

উত্তরঃ আমরা সবাই পাক-পবিত্র হয়ে ইমামের সাথে সালাত আদায় করব। এভাবে সালাত আদায় করলে মানুষের মনে আলাহ-তায়ালার প্রতি ভয় সৃষ্টি হয় । এই ভয় থেকে মানুষ সকল অন্যায় কাজ থেকে বিরত থাকে । চরিত্রবান হয় । তখন ধনীরা গরিবদের দুঃখ কষ্ট বুঝতে পারে । ধনীরা গরিবদের সহায়তা করতে পারে । এভাবে একটি শান্তিপূর্ণ পরিবেশ গড়ে উঠবে ।

- **শূন্যস্থান পূরণ (উত্তর) ঃ**

১। আলাহ তায়ালা ও রাসুল (স) এর কথামতো কাজ করাকে <u>ইবাদত</u> বলে ।

২। ইবাদত করলে আলাহ তায়ালা <u>সন্তুষ্ট</u> হন ।

৩। প্রধান ইবাদত হলো <u>৪টি</u> ।

৪। সালাত ও সাওম ধনী, গরিব সকলের জন্য <u>ফরজ</u> ।

৫। ফরজ অর্থ অবশ্য পালনীয়।

৬। যাকাত ও হজ কেবলমাত্র ধনীদের জন্য ফরজ ।

৭। ইসলামের ভিত্তি ৫ টি ।

৮। আলাহ তায়ালার আদেশ মানা, তাঁর রাসুলের শেখানো পথে চলা আমাদের কর্তব্য ।

৯। কুরআন মজিদের ত্রিশ জায়গায় পাক-পবিত্র থাকার কথা জোর দিয়ে বলা হয়েছে ।

১০। পাক-পবিত্র হওয়ার প্রধান উপায় হলো ওযু ।

১১। প্রতিদিন অন্তত পাঁচবার আমাদের ওযু করতে হয় ।

১২। ওযুর দ্বারা ছগীরা গুনাহ মাফ হয় ।

১৩। সালাত আদায়ের আগে পাক-পবিত্র হতে হয় ।

১৪। পাক-পবিত্র থাকা ইমানের অংশ ।

১৫। ওযুতে চারটি খুবই গুরুত্বপূর্ণ কাজ আছে ।

১৬। বিসমিল্লাহ বলে ওযু করতে হয় ।

১৭। ময়লা শরীর থেকে দুর্গন্ধ বের হয় ।

১৮। মানুষের হাত ও শরীর রোগজীবাণুর আশ্রয়স্থল।

১৯। সর্বপ্রধান ইবাদত হলো সালাত ।

২০। পাঁচ ওয়াক্ত সালাত সকলের ওপর ফরজ ।

২১। সময়মত সালাত আদায় করা আল্লাহর হুকুম ।

২২। দুপুরে সূর্যে পশ্চিমে ঢলে পড়লে যোহর শুরু হয় ।

২৩। সালাত একটি বড় ইবাদত।

২৪। নিয়ত অর্থ মনের ইচ্ছা ।

২৫। আল্লাহু আকবর বলাকে তাকবিরে তাহরিমা বলে ।

২৬। আল্লাহু আকবর অর্থ আল্লাহ সবচেয়ে বড় ।

২৭। তাকবিরে তাহরিমা বলা ফরজ।

২৮। সালাতে তাকবিরে তাহরিমা বাঁধার পরে সানা পড়তে হয় ।

২৯। সানা অর্থ প্রশংসা ।

৩০। সালাতে সানা পাঠ করা সুন্নত।

৩১। সালাতে সানার পর আউযুবিল্লাহ পড়তে হয় ।

৩২। সালাতে আউযুবিল্লাহ এর পর বিসমিল্লাহ পড়তে হয় ।

৩৩। সব ভালো কাজের আগে বিসমিল্লাহ বলতে হয় ।

৩৪। সালাতে প্রথমে নিয়ত করতে হয় ।

৩৫। সালাতে রুকু-সিজদাহ করা ফরজ ।

৩৬। রূকু ও সিজদাহ সঠিক হলে সালাত সহিশুদ্ধ হয় ।

৩৭। আমরা পাক-সাফ কাপড় পড়ে মসজিদে যাব ।

৩৮। আল্লাহ তায়ালা মিথ্যা কথা বলতে নিষেধ করেছেন ।

৩৯। পাকসাফ থাকা ইমানের অংশ ।

৪০। ওযুর ফরজ চারটি ।

৪১। সালাম দ্বারা সালাত শেষ হয়ে যায়।

৪২। সালাম হলো সালাত আদায়ের শেষ কাজ ।

৪৩। সালাতের শেষ রাকাআতের সিজদাহর পর বসা ফরজ ।

৪৪। সিজদাহর তাসবিহ হলো সুবহানা রাব্বিয়াল আ'লা ।

৪৫। রূকুর তসবিহ হলো সুবহানা রাব্বিয়াল আযীম ।

৪৬ ।পাক-সাফ কাপড় পড়ে মসজিদে যাব ।

৪৭। আল্লাহ তায়ালা কুরআন মজিদে সালাত আদায়ের আগে ওযু করার নির্দেশ দিয়েছেন

৪৮। ওযু না হলে সালাত আদায় হবে না ।

৪৯। ভালো কাজ শুরু করার আগে বিসমিল্লাহ বলতে হয় ।

৫০। ওযুর সময় তিনবার ধোয়া সুন্নত ।